

বন্যায় বিয়ানীবাজারে বন্ধ ৫০ শিক্ষা প্রতিষ্ঠান

সামিয়ান হাসান, বিয়ানীবাজার (সিলেট)

১৪ জুলাই ২০২৪, ১২:০০ এএম



সিলেটের বিয়ানীবাজারে বন্যাকবলিত একটি সরকারি প্রাথমিক বিদ্যালয় -আমাদের সময়

টানা বর্ষণ আর ভারত থেকে নেমে আসা পাহাড়ি ঢলে বিয়ানীবাজারে বন্যায় পানিবন্দি হয়ে পড়েছেন লক্ষাধিক মানুষ। বানের পানিতে তলিয়ে গেছে সড়ক এবং শিক্ষা প্রতিষ্ঠান। নিজেদের ঘরবাড়ি পানিতে তলিয়ে যাওয়ার কারণে উপজেলার ১০টি ইউনিয়ন ও একটি পৌরসভার বাসিন্দারা আশ্রয় নিয়েছেন পার্শ্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে। যার ফলে এসব শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান বন্ধ রয়েছে।

উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, বিয়ানীবাজারে বন্যার কারণে প্রায় ৫০টি শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম বর্তমানে বন্ধ রয়েছে। এর মধ্যে প্রাথমিক ও মাধ্যমিক মিলিয়ে ৩২টি শিক্ষা প্রতিষ্ঠানে পানি উঠে যাওয়ার কারণে বন্ধ এবং প্রায় ১৮ টি শিক্ষা প্রতিষ্ঠানে অস্থায়ীভাবে আশ্রয়কেন্দ্র খোলার কারণে পাঠদান করানো সম্ভব হচ্ছে না। বন্যার পানি না নামার আগ পর্যন্ত এসব বিদ্যালয়ে পাঠদান শুরু করা সম্ভব না হওয়ায় শিক্ষার্থীদের রুটিন মাসিক পড়াশোনা ব্যাহত হচ্ছে।

এ বিষয়ে বিয়ানীবাজার উপজেলা ভারপ্রাপ্ত প্রাথমিক শিক্ষা কর্মকর্তা পারভেজ তালুকদার বলেন, বর্তমানে উপজেলার বেশ কয়েকটি বিদ্যালয়ে পানি দুর্কো যাওয়ার কারণে কোমলমতি শিক্ষার্থীদের স্বাস্থ্যঝুঁকির কথা চিন্তা করে স্বাভাবিক পাঠদান করা সম্ভব হচ্ছে না। পানি নেমে গেলে বন্যাকবলিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর পরিবেশ তৈরি করে আবার নিয়মিত শুরু করা হবে পাঠদান।